



বাংলাদেশ-ভুটানের দুই খাতে নতুন দুই সমঝোতা চুক্তি



সংগৃহীত ছবি

ঢাকায় দ্বিপক্ষীয় বৈঠক শেষে বাংলাদেশ ও ভুটান স্বাস্থ্য খাতের সহযোগিতা বাড়ানো এবং আন্তর্জাতিক ইন্টারনেট সংযোগ উন্নয়নে দুটি নতুন সমঝোতা স্মারকে (এমওইউ) সই করেছে।

স্বাস্থ্যকর্মী নিয়োগ ও সক্ষমতা বৃদ্ধির বিষয়ে প্রথম এমওইউতে সই করেন বাংলাদেশের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মো. সাইদুর রহমান এবং ভুটানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি। অন্যদিকে আন্তর্জাতিক ব্যান্ডউইথ ও টেলিযোগাযোগ সেবা বিনিময় সম্পর্কিত চুক্তিতে সই করেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব আব্দুল নাসের খান।

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস এবং ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে সই অনুষ্ঠান প্রত্যক্ষ করেন। এর আগে তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে দুই নেতার মধ্যে একান্ত বৈঠক ও আনুষ্ঠানিক আলোচনা অনুষ্ঠিত হয়।

দুই দিনের রাষ্ট্রীয় সফরে সকালে ঢুকায়ের একটি ফ্লাইটে তোবগে ঢাকায় পৌঁছালে বিমানবন্দরে তাকে লাল গালিচায় স্বাগত জানান প্রধান উপদেষ্টা। ভিআইপি লাউঞ্জে আলাপচারিতার সময় তিনি ঢাকার সাম্প্রতিক ভূমিকম্পে হতাহতের ঘটনায় সমবেদনা প্রকাশ করেন।

পরবর্তীতে সালাম মঞ্চ তাকে ১৯ বার তোপধ্বনি ও গার্ড অব অনার প্রদান করা হয়। এরপর ভুটানের প্রধানমন্ত্রী সাভারের জাতীয় স্মৃতিসৌধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান এবং একটি গাছ রোপণ করেন। দুপুরে তিনি বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা এম. তৌহিদ হোসেন ও বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সন্ধ্যায় তার সম্মানে নৈশভোজের আয়োজন করা হয়।